আমিযেই শক্তি, আমিযেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২.৫৫০

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

**বিষয়: গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত National Technical Regulatory Committee (NTRC) এর ১৩তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ) ও সভাপতি, **NTRC** মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/০৯/২০২৫ তারিখ সকাল ১০:০০ টায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত National Technical Regulatory Committee (NTRC) এর ১৩তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণীর ছায়ালিপি;

২৬/১০/২০২৫
(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
টেলিফোন: ২২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাণিসম্পদ অধিদপ্তর
ফার্মগেট, ঢাকা
(দৃ: আ: পরিচালক, কৃত্রিম প্রজনন)

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২.৫৫০

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি/মাস্টার কপি।

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

**গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত National Technical Regulatory Committee (NTRC) এর ১৩তম সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইমাম উদ্দীন কবীর<br>অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>ও<br>সভাপতি, NTRC |
| সভার তারিখ | : ২৪ সেপ্টেম্বর ২০২৫ |
| সময় | : সকাল ১০:০০ টা |
| সভাস্থল | : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ''ক" দ্রষ্টব্য |

সভাপতি জাতীয় প্রযুক্তিগত নিয়ন্ত্রক কমিটির (NTRC) সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, দুধ ও মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্য গবাদি পশুর জাত উন্নয়ন একটি অপরিহার্য বিষয়। সে লক্ষ্যে কৃত্রিম প্রজনন কার্যক্রম প্রক্রিয়ার নিয়ন্ত্রণ, মান নিশ্চিতকরণ এবং প্রযুক্তিগত তদারকি অত্যন্ত জরুরি। তিনি মাঠ পর্যায়ে আমাদের অর্জন এবং প্রস্তাবসমূহ উপস্থাপনের জন্য সচিব-সচিবকে অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহজামান খান, পরিচালক (কৃত্রিম প্রজনন), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য-সচিব, এনটিআরসি নিম্নবর্ণিত বিষয় বিস্তারিতভাবে উপস্থাপন করেন:

১) আনিকা ভেরাটিজ ষ্টোর, চর-রানীনগর (বকচর), চর আলাতুলী, সঁদর, চাঁপাইনবাবগঞ্জ, দেশীয় মাহিষের সাথে উন্নত প্রজাতীর মহিষের প্রজননের মাধ্যমে দেশে উন্নত প্রজাতীর মহিষের বংশ বৃদ্ধি জন্য নেপাল, পাকিস্তান, ভারত ও মিয়ানমার থেকে উন্নত জাতের (বকনা ৯০০ টি এবং ষাঁড় ১০০ টি) মোট ১০০০ (এক হাজার) টি মহিষ আমদানি সংক্রান্ত;

২) এস আর এগ্রো, স্বত্বাধিকারী- মাহাবুবুর আর কে সানাউর রহমান, ঠিকানা- রায়পুর বাসষ্ট্যান্ড, গ্রামঃ সিংগুলা, ওয়ার্ড ৭, পোঃ রায়পুর-৩৫১৯, উপজেলাঃ দাউদকান্দি, জেলাঃ কুমিল্লা। নিজস্ব খামারের উন্নয়নের জন্য ইউএস এ থেকে ২০০০ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন আমদানি সংক্রান্ত;

৩) লাল তীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড, এনকোর টাওয়ার, ১০৮ বীর উত্তম সি,আর দত্ত রোড, ঢাকা-১২০৫ । Alta Genetics (একটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্রিডিং কোম্পানী) থেকে ৫০৭৫ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন আমদানি সংক্রান্ত;

৪) এসিআই লিমিটেড, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে ২০০টি বিশুদ্ধ শাহিওয়াল জাতের ভ্রুণ ও ৫০০০ মাত্রা বিশুদ্ধ শাহিওয়াল জাতের সিমেন পাকিস্তান হতে আমদানি সংক্রান্ত;

৫) আকিজ ডেইরি লিমিটেড, চেয়ারম্যান শেখ শামিম উদ্দিন, আকিজ হাউজ, ১৯৮ বীর উত্তম মির শওকত সড়ক, তেজগাঁও, ঢাকা-১২০৮, ক) এইচ এফ (গিরল্যান্ডো) জাতের ১০০০০ মাত্রা সিমেন ও ২০০০ টি ভ্রুণ,



Scanned with CamScanner

খ) হলষ্টিয়ান ফ্রিজিয়ান -জাতের ১০০০০ মাত্রা সিমেন ও ২০০০ টি ভ্রূণ গ) মুররাহ জাতের ১০০০ মাত্রা সিমেন ও ২৫০ টি ভ্রূণ আমদানি সংক্রান্ত;

৬) নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড, জনাব মোঃ রকিবুর রহমান (টুটুল), হোল্ডিং-১১, রোড নং-০১, পাহাড়িকা আ.এ দঃ খুলশী, জেলা চট্টগ্রাম। খামার- আকিলপুর, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম নিজস্ব খামারে ব্যবহারের জন্য ও উৎপাদন বৃদ্ধির জন্য ২০০ টি HF Frozen Bovine Embryo আমেরিকা হতে আমদানি সংক্রান্ত;

৭) আমেরিকান ডেইরী লিমিটেড, বাড়ি নং-২১, রোড নং-১০৪, গুলশান-২, ঢাকা দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে ভারত/পাকিস্তান থেকে ১০০% বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৫০০ টি ভ্রূণ আমদানি সংক্রান্ত;

৮) সমাজ ও জাতি গঠন (সজাগ), ধামরাই, ঢাকা, ৪ টি ১০০০% হলষ্টিয়ান ফ্রিজিয়ান ও ৪ টি ১০০% শাহিওয়াল বীজ উৎপাদনকারী বুল বিদেশ থেকে আমদানি সংক্রান্ত;

৯) ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণির জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে ইউএসএ/ কানাডা থেকে ১০০% হলেষ্টেইন ফ্রিজিয়ান ফ্রোজেন সিমেন ৪০০০ মাত্রা এবং সেক্সড সিমেন ১০০০ মাত্রা আমদানি সংক্রান্ত;

১০) ব্র্যাক এআই এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে এবং খামারী পর্যায়ে হলস্টিন ফ্রিজিয়ান জাতের গরু উন্নয়নের লক্ষ্যে আমেরিকা হইতে ১০০% হলষ্টিন ফ্রিজিয়ান জাতের উচ্চ কৌলিক গুণ সম্পন্ন ৩০০০ মাত্রা হিমায়িত সিমেন আমদানি সংক্রান্ত;

১১) প্রোপ্রাইটর, SR Import Export Company, Kha 99/1/3, Koborosthan Road, East Nampara, Khilkhet, Dhaka 1229 দক্ষিন আফ্রিকা থেকে ৩০টি ডরপার ভেড়া ও ৩০ টি বোয়ের গোট আমদানি সংক্রান্ত;

৩। তিনি বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রশিক্ষণের নিম্নোক্ত তথ্যও সভায় উপস্থাপন করেন:

| | | |
|---|---|---|
| ১. | ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল) | ৩০০ জন |
| ২. | ইয়ন বায়োসায়েন্স লিমিটেড | ১৫১ জন |
| ৩. | পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) | ২৭৪ জন |
| ৪. | আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) | ২৩৮৪ জন |
| ৫. | এসিআই | ১৯৬১ জন |
| ৬. | লালতীর | ১১৩৬ জন |
| ৭. | ইজাব এলায়েন্স | ১৬৮৪ |
| ৮. | ব্রাক | ১৫৪৩ জন |

৪। তাছাড়াও, পরিচালক, কৃত্রিম প্রজনন ইউনিয়ন পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নীতিমালা (সংশোধিত)-২০১৬ কে ভিত্তি করে প্রস্তাবিত "জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা (খসড়া) ২০২৫" জরুরি ভিত্তিতে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা- ২০১৯ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিস্ট সকলকে অনুরোধ করেন।

| নির্দেশনা | বকনা/গাভী | খামারী অবস্থা | প্রাপ্য বীজ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | দেশী | দরিদ্র/মধ্যবিত্ত | দেশী (RCC, Pabna, মুন্সীগঞ্জ, উন্নত দেশী) |
| ২ | দেশী | স্বচ্ছল খামার মালিক | ১০০% হলষ্টিয়ান-ফ্রিজিয়ান |
| ৩ | শাহিওয়াল-দেশী | মধ্যবিত্ত ও স্বচ্ছল খামার মালিক | ১০০% শাহিওয়াল, ৫০% শাহিওয়াল X ৫০% দেশী |



Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪ | ৫০% ফ্রিজিয়ান X ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান X ৫০% দেশী |
| ৫ | ৫০%+ ফ্রিজিয়ান X ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান X ৫০% দেশী |

** সকল ক্ষেত্রে যে কোনো বকনা/গাভীকে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত (নিকট আত্মীয়) ষাঁড়ের বীজ দ্বারা প্রজনন পরিহার বাঞ্ছনীয়।

৫। উপস্থাপনার উপর সভায় উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারি সংস্থা কর্তৃক শর্ত পালনের অগ্রগতিসহ বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশ, বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং বুল প্রত্যয়ন, বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশসমূহ এবং অনুচ্ছেদ-৬ এ উল্লিখিত সংস্থাসমূহের অনুকূলে প্রস্তাব অনুমোদন বা নবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

১. সিমেন উৎপাদন ও মাঠ পর্যায়ে বিতরণের সময় ডিএলএস প্রদত্ত ন্যাশনাল আইডি সম্পূর্নরূপে ষ্ট্র এর গায়ে মুদ্রিত থাকতে হবে।
২. বাতিলকৃত প্রজনন ষাঁড় সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার উপস্থিতিতে বুল স্টেশন থেকে অপসারণপূর্বক পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরকে অবহিত করতে হবে।
৩. সিমেন স্ট্রতে নিম্নলিখিত তথ্যসমূহ ধারাবাহিকভাবে উল্লেখ থাকতে হবে-প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ, জাত, বুল আইডি, বুলের নাম এবং প্রতিষ্ঠানের নিজস্ব ইউনিক চিহ্ন।
৫. সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে -১০০% হলস্টিন, ১০০% শাহিওয়াল, HFCross এবং SLCross ব্রীডের ক্ষেত্রে বুলের পারসেন্ট স্ট্রতে প্রিন্ট করা যাবে না।
৬. অনুমোদনের ০৩ (তিন) বৎসর পর বুলের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিকভাবে উপস্থাপন করতে হবে এবং ব্রিডিং ভ্যালু নির্ণয় করতে হবে।
৭. শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১২(বার) বছর।
৮. হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১০ (দশ) বছর।
৯. পরবর্তী প্রতয়নপত্র প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের পিডিগ্রী, মায়ের দুধ উৎপাদন, বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ের উপর অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে।
১০. হলিসটিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল ১০০% এর কাছাকাছি রাখার প্রবনতা পরিহার করে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে।
১১. দুধ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহার সীমিত করতে হবে।
১২. প্রজনন ষাঁড় প্রত্যয়নের পর সিমেন সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ করতে হবে। কোন অবস্থায় এর ব্যত্যয় পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৩. ২০২৬ সালের মধ্যে নিজস্ব বুল মাদার হার্ড হতে প্রজনন ষাঁড় উৎপাদন, লোকাল জেনেটিক্স ন্যূনতম ১০% সংরক্ষণ এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
১৪. ট্রায়াল শুরুর পূর্বেই ষাঁড় বাছুরের পিডিগ্রীর তথ্যাদি নির্ধারিত ছকে তথ্যাদি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১৫. প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অপ্রত্যায়িত অথবা ট্রায়াল বুল হতে সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাত করে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কাজে ব্যবহার করা যাবে না।
১৬. নীতিমালার নির্দেশনা (৩.২.২) অনুযায়ী প্রতিটি বেসরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মীদের প্রাণিসম্পদ অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহন করতে হবে।
১৭. প্রতিটি ইউনিয়নে /ক্যাচমেন্ট এলাকায় একই প্রতিষ্ঠানের একাধিক কর্মী নিয়োজিত থেকে বিরত থাকতে হবে।
১৮. প্রতি তিন মাস অন্তর NTRC ন্যূনতম একটি সভা আহ্বান করতে হবে।
১৯. প্রজনন তথ্য (Breeding data) যথাযথভাবে লিপিবদ্ধ করে সঠিক পরিসংখ্যান রাখতে হবে।
২০. উপকমিটির/কারিগরি কমিটির সুপারিশ NTRC কমিটির সভায় উপস্থাপন করতে হবে।



Scanned with CamScanner

৬।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৬.১ | ১৯-০৩-২০২৪ তারিখের কার্যবিবরণী অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক, কৃত্রিম প্রজন দপ্তর, DLS উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর ও বেসরকারী সংস্থা |
| ৬.২ | বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নীতিমালা (সংশোধিত)-২০১৬ কে ভিত্তি করে "জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা (খসড়া) ২০২৫" মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরেরর অগ্রায়ন পত্রসহ মন্ত্রণালয়ে পৌছানোর পর প্রস্তাবটি কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ৬.৩ | **বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশ:**<br><br>৬.৩.১ **এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই লিমিটেড- (নিবন্ধন নং-০৪)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১৯-০৮-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৬.৩.২ ব্রাক **এ আই এন্টারপ্রাইজ, শেরপুর, বগুড়া (নিবন্ধন নং-০৭)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২৬-০৮-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৬.৩.৩ **পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), সিডিআরসি, শেরপুর, বগুড়া (নিবন্ধন নং-০৮)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২৬-০৮-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৬.৩.৪ **ইজাব এলায়েন্স লিমিটেড, জগন্নাথপুর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও (নিবন্ধন নং-০৬)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১২-০৯-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৬.৩.৫ **লালতীর লাইভষ্টক ডেভেলপমেন্ট বিডি লিমিটেড, ভালুকা, ময়মনসিংহ (নিবন্ধন নং-০২)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১৯-০৯-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৬.৩.৬ **সমাজ ও জাতি গঠন (সজাগ), ধামরাই, ঢাকা (নিবন্ধন নং-০৫)**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১৮-০৮-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক না হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন **নবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিষ্ঠানটিকে প্রয়োজনীয় প্রযুক্তি, অবকাঠামো ও দক্ষ জনবল সংযোজনের** | মহাপরিচালক<br>ও<br>পরিচালক (সম্প্রসারণ) প্রাণিসম্পদ অধিদপ্তর |



Scanned with CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | **মাধ্যমে আধুনিক হিমায়িত সিমেন উৎপাদন ব্যবস্থা চালু করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হলো।** | |
| ৬.৪ | **বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং নতুন বুল প্রত্যয়ন:**<br><br>৬.৪.১ এসিআই এনিমেল জেনেটিক্স, শ্রীপুর, গাজীপুর এর বুল আইডি (259, 260, 261, 262. 263. 265, 266, 267, 268, 269) ১০টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ৬ (ছয়) টি প্রজনন ষাঁড় (ষাঁড় নং- 260, 261, 262. 265, 266, 267) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো এবং বাকি ৪ (চার)টি (ষাঁড় নং-259, 263. 268, 269) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ৬টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বরসহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- **04SLX0260, 04SLX0261, 04SLX0262, 04SLX0264, 04HFX0265, 04HFX0266, 04HFX0267** = মোট ৬টি।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৪টি (259, 263. 268, 269) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, গাজীপুরের উপস্থিতিতে অপসারণ নিশ্চিত করার জন্য সুপারিশ করা হলো এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারণের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br><br>৬.৪.২ **ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শেরপুর, বগুড়ার ব্রিডিং** বুল আইডি (24-408-01-23, 24-409-01-23, 24-410-05-23, 24-411-06-23, 25-433-01-23, 25-439-03-23, 24-442-06-23, 24-443-07-23, 24-402-10-23, 25-432-10-22) ১০টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ৮টি (দুই) প্রজনন ষাঁড় (ষাঁড় নং- 24-408-01-23, 24-409-01-23, 24-410-05-23, 24-411-06-23, 25-433-01-23, 25-439-03-23, 24-442-06-23, 24-443-07-23) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত টাট্টুকরণ সাপেক্ষে **প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ২ (দুইটি)টি (ষাঁড় নং-24-402-10-23, 25-432-10-22) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ৮টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বরসহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 07SLX0408, 07SLX0409, 07HFX0410, 07HFX0411, 07HBN0433, 07NBG0439, 07SLX0442, 07SLX0443= মোট ৮টি।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ২টি (24-402-10-23, 25-432-10-22) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়ার উপস্থিতিতে অপসারন নিশ্চিত করার জন্য সুপারিশ করা হলো এবং এ | **পরিচালক**<br>কৃত্রিম প্রজন দপ্তর<br>ও<br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর<br>এবং<br>বেসরকারী সংস্থা |



Scanned with CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারণের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br>৬.৪.৩ ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল)- এর ব্রিডিং বুল আইডি (211, 215, 220, 222, 223, 224, 225, 226, 227, 322, 330, 333, 340, 342, 343, 345, 346, 348) ১৮টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ১৫টি (পনের) প্রজনন ষাঁড় (ষাঁড় নং- 211, 215, 220, 222, 223, 224, 225, 226, 227, 322, 330, 333, 340, 342, 343) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ৩ (তিন)টি (ষাঁড় নং-345, 346, 348) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ১৫টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে স্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 09HFX0211, 09HFX0215, 09HFX0220, 09HFX0222, 09HFX0223, 09HFX0224, 09HFX0225, 09HFX0226, 09HFX0227, 09SLX0322, 09SLX0330, 09SLX0333, 09SLX0340, 09SLX0342, 09SLX0343 = মোট ১৫টি।<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৩টি (345, 346, 348) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ঠাকুরগাঁও -এর উপস্থিতিতে অপসারন নিশ্চিত করার জন্য সুপারিশ করা হলো এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br><br>৬.৪.৪ **ইজাব এলায়েন্স লিমিটেড- এর ব্রিডিং** বুল আইডি (469, 470, 471, 472, 473, 474, 475, 476, 477) ০৯টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ৭টি (সাত) প্রজনন ষাঁড় (ষাঁড় নং (469, 470, 472, 474, 475, 476, 477) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যয়নের জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ২ (দুই)টি (ষাঁড় নং- (471, 473) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ৭টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে স্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বরসহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 6SLX469, 6SLX470, 6SLX472, 6SLX474, 6SLX475, 6SLX476, 6SLX477= মোট ৭টি<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ২টি (471, 473) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, ঠাকুরগাঁও এর উপস্থিতিতে অপসারন নিশ্চিত করার জন্য বলা হলো এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য বলা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে। | |
| ৬.৫ | **বিভিন্ন প্রকার পবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহিত সিদ্ধান্ত:** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ৬.৫.১ আনিকা ভেরাটিজ ষ্টোর, চর-রানীনগর (বকচর), চর আলাতুলী, সদর, চাঁপাইনবাবগঞ্জ, দেশীয় মাহিষের সাথে উন্নত প্রজাতীর মহিষের প্রজননের মাধ্যমে দেশে উন্নত প্রজাতীর মহিষের বংশ বৃদ্ধি জন্য নেপাল, পাকিস্তান, ভারত ও মিয়ানমার থেকে উন্নত জাতের (বকনা ৯০০ টি এবং ষাঁড় ১০০ টি) মোট ১০০০ (এক হাজার) টি মহিষ আমদানির আবেদনের বিপরীতে উপকমিটির সদস্য দ্বারা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ মোতাবেক রেজিস্ট্রেশন, পিডিগ্রী, Lactation Level ন্যূনতম ২৫০০ লিটার পূরণের শর্ত প্রতিপালন সাপেক্ষে **শুধুমাত্র ভারত থেকে ৫০টি (বকনা/গাভী ৪৫টি ও ষাঁড় ৫টি) মুররাহ জাতের মহিষ আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.২ এস আর এগ্রো, স্বত্বাধিকারী- মাহাবুবুর আর কে সানাউর রহমান, ঠিকানা- রায়পুর বাসষ্ট্যান্ড, গ্রামঃ সিংগুলা, ওয়ার্ড ৭, পোঃ রায়পুর-৩৫১৯, উপজেলাঃ দাউদকান্দি, জেলাঃ কুমিল্লা, তাঁর নিজস্ব খামারের উন্নয়নের জন্য ইউএস এ থেকে ২০০০ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন আমদানির অনুকূলে মোট চাহিদার বিপরীতে শর্ত প্রতিপালন সাপেক্ষে **ইউএসএ থেকে ৫০০ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের হিমায়িত (Sex sorted) সিমেন আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.৩ লাল তীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড, এনকোর টাওয়ার, ১০৮ বীর উত্তম সি,আর দত্ত রোড, ঢাকা-১২০৫। Alta Genetics (একটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্রিডিং কোম্পানী) থেকে ৫০৭৫ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের হিমায়িত সিমেন আমদানি আবেদনের অনুকূলে **১০০০ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের Progeny Tested Proven Bull- এর সিমেন আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.৪ এসিআই লিমিটেড, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে ২০০টি বিশুদ্ধ শাহিওয়াল জাতের ভ্রূণ ও ৫০০০ মাত্রা বিশুদ্ধ শাহিওয়াল জাতের সিমেন পাকিস্তান হতে আমদানির আবেদনের অনুকূলে **২০০টি শাহিওয়াল ভ্রূন ও ১৫০০ মাত্রা শাহিওয়াল জাতের সিমেন আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.৫ আকিজ ডেইরি লিমিটেড, চেয়ারম্যান শেখ শামিম উদ্দিন, আকিজ হাউজ, ১৯৮ বীর উত্তম মির শওকত সড়ক, তেজগাঁও, ঢাকা-১২০৮, ক) এইচ এফ (গিরল্যান্ডো) জাতের ১০০০০ মাত্রা সিমেন ও ২০০০ টি ভ্রূণ, খ) হলষ্টিয়ান ফ্রিজিয়ান -জাতের ১০০০০ মাত্রা সিমেন ও ২০০০ টি ভ্রূণ গ) মুররাহ জাতের ১০০০ মাত্রা সিমেন ও ২৫০টি ভ্রূণ আমদানির আবেদনের প্রেক্ষিতে শুধুমাত্র ৫০০টি এইচএফ ভ্রূণ **আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.৬ নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড, জনাব মোঃ রকিবুর রহমান (টুটুল), হোল্ডিং ১১, রোড নং ০১, পাহাড়িকা আ.এ দঃ খুলশী, জেলা চট্টগ্রাম। খামার- আকিলপুর, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম নিজস্ব খামারে ব্যবহারের জন্য ও উৎপাদন বৃদ্ধির জন্য ২০০টি HF Frozen Bovine Embryo আমেরিকা হতে আমদানির আবেদনের অনুকূলে আমেরিকা থেকে ২০০ টি HF Frozen Bovine Embryo আমদানির অনুমোদনের জন্য **সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.৭ আমেরিকান ডেইরী লিমিটেড, বাড়ি নং ২১, রোড নং ১০৪, গুলশান ২, ঢাকা দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে ভারত/পাকিস্তান থেকে ১০০% | |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৫০০ টি ভ্রুণ আমদানির আবেদনের অনুকূলে- দ্রুত জেনেটিক মান উন্নয়ন করার ক্ষেত্রে ভ্রুন স্থানান্তর প্রযুক্তি অত্যন্ত টেকসই ও ফলপ্রসু প্রযুক্তি বিধায় ভারত বা পাকিস্তান থেকে ৫০০ টি ১০০% শাহিওয়াল ভ্রুন **আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.৮ সমাজ ও জাতি গঠন (সজাগ), ধামরাই , ঢাকা, ৪টি ১০০০% হলষ্টিয়ান ফ্রিজিয়ান ও ৪টি ১০০% শাহিওয়াল বীজ উৎপাদনকারী বুল বিদেশ থেকে আমদানির আবেদনের অনুকুলে জীবন্ত প্রাণি আমদানি নিরুৎসাহিত থাকায় অনুমোদনের জন্য **সুপারিশ করা গেল না।**<br><br>৬.৫.৯ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণির জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে ইউএসএ/ কানাডা থেকে ১০০% হলেষ্টেইন ফ্রিজিয়ান ফ্রোজেন সিমেন ৪০০০ মাত্রা এবং সেক্সড সিমেন ১০০০ মাত্রা আমদানির আবেদনের অনুকুলে নিজস্ব খামারের উন্নয়নের জন্য ইউএস এ থেকে মোট চাহিদার বিপরীতে শর্ত প্রতিপালন সাপেক্ষে ইউএসএ থেকে ১০০০ মাত্রা হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের হিমায়িত (Sex sorted) সিমেন **আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.১০ ব্র্যাক এআই এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে এবং খামারী পর্যায়ে হলস্টিন ফ্রিজিয়ান জাতের গরু উন্নয়নের লক্ষ্যে আমেরিকা হইতে ১০০% হলষ্টিন ফ্রিজিয়ান জাতের উচ্চ কৌলিক গুণ সম্পন্ন ৩০০০ মাত্রা হিমায়িত সিমেন আমদানি উপকমিটির আলোচনা মোতাবেক TPI Value 2900 এর অধিক গুন সম্পন্ন বুলের ১৫০০ মাত্রা সিমেন **আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**<br><br>৬.৫.১১ প্রোপ্রাইটর, SR Import Export Company, Kha 99/1/3, Koborosthan Road, East Nampara, Khilkhet, Dhaka 1229 দক্ষিন আফ্রিকা থেকে ৩০টি ডরপার ভেড়া ও ৩০টি বোয়ের গোট আমদানির আবেদনের অনুকূলে **নীতিমালায় এই জাতের প্রাণির নাম উল্লেখ না থাকায় আমদানির অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।** | |
| ৬.৭ | **মাঠ কর্মীদের ৪মাস ব্যাপী বেসিক কৃত্রিম প্রজনন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীদের অনুমোদন (নীতিমালা ৩.২.১):** বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর ৩.২.১ ক্রমিক অনুযায়ী ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল) ও ইয়ন বায়োসায়েন্স লিমিটেড যথাক্রমে তাঁদের ৩০০ জন ও ৫৯ জন এ.আই টেকনিশিয়ান কে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে ৪ মাসের বেসিক কৃত্রিম প্রজনন বিষয়ক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছে। এছাড়াও ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড প্রতি ইউনিয়নে ১ জন করে মোট ৫১২ জন, ইয়ন বায়োসায়েন্স ৯২ জন ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) ২৭৪ জন কে প্রশিক্ষন করানোর নিমিত্ত মনোনয়ন দিয়ে আবেদন দাখিল করেছে, যা মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক কর্মএলাকা অনুমোদন সাপেক্ষে ৪ মাসের প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এসব প্রতিষ্ঠানের কর্মএলাকা অনুমোদন ও কর্মীদের প্রাণিসম্পদ অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে **৪ মাসের বেসিক প্রশিক্ষণ প্রদানের জন্য সুপারিশ করা হলো।** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>এবং<br>বেসরকারী সংস্থা |



Scanned with CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৬.৮ | **মাঠ কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীদের অনুমোদন (নীতিমালা ৩.২.২):** বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর এর ৩.২.২ ক্রমিক অনুযায়ী রিফ্রেশার্স প্রশিক্ষন করানোর নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) তাঁদের ২৩৮৪ জনকে, এসিআই এর ১৯৬১ জন, লালতীরের ১১৩৬ জন, ইজাব এলায়েন্স এর ১৬৮৪ জন, ব্রাকের ১৫৪৩ জন মাঠ কর্মীকে এআই টেকনিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্র, সাভার থেকে রিফ্রেশার্স কোর্স সম্পন্ন করেছে। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের ইউনিক আইডি ও নামের তালিকা পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য সুপারিশ করা হলো এবং তালিকা বহির্ভুত কর্মীকে কৃত্রিম প্রজনন কাজ থেকে বিরত রাখার জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র সমুহকে কাযকরী ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হলো। | পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br><br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর,<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

৭। সভাপতি কৃষকদের উন্নত জাতের গবাদি পশু পালনে উৎসাহিত করতে সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা ও গবেষকদের সম্মিলিত গবেষণা জোরদার করার অনুরোধ করেন। তিনি সকলকে মূল্যবান মতামত প্রদান ও সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১০/২৪

(মোঃ ইমাম উদ্দীন কবীর)
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
**সভাপতি**
ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটি (এনটিআরসি)



Scanned with CamScanner